আল্লাহর নিকট সর্বাধিক প্রিয় কালাম সম্পর্কে তোমাকে জানাব না কি? আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় কথা হল

আবু জর গিফারী রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নিকট সর্বাধিক প্রিয় কালাম সম্পর্কে তোমাকে জানাব না
কি? আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় কথা হল : ‘সুবহানাল্লা-হি অবিহামদিহ’ [অর্থাৎ,
আল্লাহর সপ্রশংস পবিত্রতা ঘোষণা করছি।] [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

হাদীসটি প্রমাণ করে যে, তাসবীহ আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় বাক্য। কারণ, তাসবীহ-এর অর্থ হলো, আল্লাহর ওপর যে সব উদাহরণ, সাদৃশ্য ও দুর্বলতা প্রযোজ্য নয় সেগুলো থেকে এবং নাস্তিকরা তার নামসমূহের যে অপব্যাখ্যা করেছেন তা থেকে তিনি অসীম পবিত্র বলে ঘোষণা করা। তাসবীহ পাঠকারীর তাসবীহ: “বিহামদিহি” দ্বারা সে স্বীকার করল যে, এ তাসবীহটি তার প্রশংসার সাথে হয়েছে। এতে তারই অনুগ্রহ। আর এ অর্থও হতে পারে যে, তিনি আমাকে তাওফীক দেওয়ার কারণে আমি তার তাসবীহ বর্ণনা করছি তার প্রশংসার সাথে। তাই সুবহানাল্লাহু ওয়া বিহামদিহি আল্লাহর নিকট পবিত্র বাক্য। কারণ, এটি প্রবিত্রতা ও যাবতীয় সুন্দর প্রশংসাকে সামিল করে।

http://sunnah.global/hadeeth/bn/show/5402